

# ধানের ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া ও লালচে রেখা রোগের প্রাদুর্ভাব এবং করণীয়

ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া ও ব্যাকটেরিয়া জনিত লালচে রেখা আমন মওসুমে ধানের অন্যতম প্রধান দুটি রোগ।  
সঠিক সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে এ রোগগুলো ধানের ফলনের ব্যাপক ক্ষতি করতে পারে।

## ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়াঃ

- রোগের শুরুতে পাতার অগ্রভাগ বা কিনারায় পানি চোষা শুকনা দাগ দেখা যায়।
- দাগগুলো আস্তে আস্তে হালকা হলুদ রং ধারণ করে পাতার অগ্রভাগ থেকে নিচের দিকে বাড়তে থাকে।
- শেষের দিকে আংশিক বা সম্পূর্ণ পাতা ঝলসে যায় এবং ধুসর বা শুকনো খড়ের মত রং ধারণ করে।



চিত্র. পাতাপোড়া রোগের লক্ষণ

## ব্যাকটেরিয়া জনিত লালচে রেখা:

- এ রোগের লক্ষণ পাতার শিরা বরাবর লম্বালম্বিভাবে লালচে রেখা দেখা যায়।
- রেখাগুলো প্রথমে হালকা হলুদ রঙের এবং ভেজা মনে হয়। সূর্যের দিকে ধরলে দাগগুলোর ভিতর দিয়ে আলো দেখা যায়।

বেশি পরিমাণ ইউরিয়া সারের ব্যবহার, উচ্চ তাপমাত্রা ও আর্দ্রতা রোগগুলির জন্য অনুকূল। ঝড় ও বৃষ্টির পরে মাঠে রোগ দুটির বিস্তার দ্রুত হয়। অতি উর্বর, জলাবদ্ধ এবং ছায়াযুক্ত জমিতে রোগগুলি বেশি হয়।



চিত্র. লালচে রেখা রোগের লক্ষণ

## রোগ দুটি দমনে করণীয়-

- ঝড়-বৃষ্টি এবং রোগ দেখার পরপরই ইউরিয়া সারের উপরি প্রয়োগ বন্ধ রাখতে হবে।
- রোগের প্রাথমিক অবস্থায় ৬০ গ্রাম এমওপি, ৬০ গ্রাম থিওভিট ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে প্রয়োগ করতে হবে।
- খোড় বের হওয়ার আগে রোগ দেখা দিলে বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার উপরি প্রয়োগ করতে হবে।
- পর্যায়ক্রমে ভেজা ও শুকনা পদ্ধতিতে (AWD) সেচ ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
- এ বিষয়ে আরো তথ্য জানতে ব্রি ওয়েবসাইটে [www.knowledgebank-brri.org](http://www.knowledgebank-brri.org) ভিজিট করণ এবং স্থানীয় কৃষি অফিসে যোগাযোগ করণ।



উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর-১৭০১

ড. মোঃ আব্দুল লতিফ  
ধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান  
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
গাজীপুর-১৭০১।